

## ■■ সহীহ বুখারী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৪৪৫ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৫৩৬]

২২/ হাজ (হজ/হজ) (حياب الحج)

পরিচ্ছেদঃ ৯৭৭. (ইহরামের) কাপড়ে খালূক থাকলে তিনবার ধোওয়া।

باب غَسْلِ الْخَلُوقِ ثَلاَثَ مَرَّاتٍ مِنَ الثِّيَابِ

## আরবী

قَالَ أَبُو عَاصِمٍ أَخْبَرَنَا ابْنُ جُرَيْجٍ، أَخْبَرَنِي عَطَاءٌ، أَنَّ صَفْوَانَ بْنَ يَعْلَى، أَخْبَرَهُ أَنَّ يَعْلَى قَالَ لِعُمَرَ وضى الله عنه و أَرنِي النَّبِيَّ صلى الله عليه وسلم حين يُوحَى إِلَيْهِ قَالَ فَبَيْنَمَا النَّبِيُّ صلى الله عليه وسلم بِالْجعْرَانَةِ، وَمَعَهُ نَفَرٌ مِنْ أَصْحَابِهِ، جَاءَهُ رَجُلٌ فَقَالَ يَا رَسُولَ اللَّهِ كَيْفَ تَرَى فِي رَجُلٍ أَحْرَمَ بِعُمْرَةٍ، وَهُوَ مُتَضَمَّخٌ بِطِيبٍ فَسَكَتَ النَّبِيُ عَلَى، صلى الله عليه وسلم سَاعَةً فَجَاءَهُ الْوَحْيُ، فَأَشَارَ عُمَرُ ورضى الله عنه وإلى يَعْلَى، وَعَلَى رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم تَوْبٌ قَدْ أُظِلَّ بِهِ فَأَدْخَلَ رَأْسَهُ، فَإِذَا وَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم تُوْبٌ قَدْ أُظِلَّ بِهِ فَأَدْخَلَ رَأْسَهُ، فَإِذَا رَسُولُ اللّهِ صلى الله عليه وسلم مُحْمَرُ الْوَجْهِ، وَهُو يَغِطُّ ثُمَّ سُرِّيَ عَنْهُ فَقَالَ " أَيْنَ الَّذِي رَسُولُ اللّهِ عليه وسلم مُحْمَرُ الْوَجْهِ، وَهُو يَغِطُّ ثُمَّ سُرِّيَ عَنْهُ فَقَالَ " أَيْنَ الَّذِي مَنَّالَ عَن الْعُمْرَةِ " فَأَتِي بِرَجُل فَقَالَ " اغْسِلِ الطِّيبَ الَّذِي بِكَ ثَلاَثَ مَرَّاتٍ، وَانْزِعْ عَنْكَ الْجُبَّةَ، وَاصْنَعْ فِي عُمْرَتِكَ كَمَا تَصْنَعُ فِي حَجَّتِكَ ". قُلْتُ لِعَطَاءٍ أَرَادَ الإِنْقَاءَ حِينَ أَمَرَهُ أَنْ يَغْسِلَ تَلاَثَ مَرَّاتٍ قَالَ تَصْنَعُ فِي حَجَّتِكَ ". قُلْتُ لِعَطَاءٍ أَرَادَ الإِنْقَاءَ حِينَ أَمَرَهُ أَنْ يَغْسِلَ تَلاَثَ مَرَّاتٍ قَالَ نَعَمْ.

## বাংলা

১৪৪৫। মুহাম্মদ ... সাফ্ওয়ান ইবনু ই'য়ালা (রহঃ) থেকে বর্ণিত যে, ই'য়ালা (রাঃ) 'উমর (রাঃ) কে বললেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর উপর ওহী অবতরণ মুহূর্তটি আমাকে দেখাবেন। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম "জি'রানা" নামক স্থানে অবস্থান করছিলেন, তাঁর সঙ্গে কিছু সংখ্যক সাহাবী ছিলেন। এমন সময় এক ব্যাক্তি এসে বললেন, ইয়া রাসূলাল্লাহ! কোন ব্যাক্তি সুগন্ধিযুক্ত পোশাক পরে 'উমরার ইহরাম বাঁধলে তার সম্পর্কে আপনার অভিমত কি? নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কিছুক্ষণ নীরব রইলেন। এরপর তাঁর নিকট ওহী আসল। 'উমর (রাঃ) ই'য়ালা (রাঃ) কে ইঙ্গিত করায় তিনি সেখানে উপস্থিত হলেন।

তখন একখণ্ড কাপড় দিয়ে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উপর ছায়া করা হয়েছিল, ই'য়ালা (রাঃ) মাথা প্রবেশ করিয়ে দেখতে পেলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর মুখমণ্ডল লাল বর্ণ, তিনি সজোরে শ্বাস



গ্রহণ করছেন। এরপর সে অবস্থা দূর হল। তিনি বললেনঃ 'উমরা সম্পর্কে প্রশ্নকারী কোথায়? প্রশ্নকারীকে উপস্থিত করা হলে তিনি বললেনঃ তোমার শরীরের সুগন্ধি তিনবার ধুয়ে ফেল ও জুব্বাটি খুলে ফেল এবং হাজে (হজ্জ) যা করে থাক 'উমরাতেও তাই কর। (রাবী ইবনু জুরাইজ বলেন) আমি 'আতা (রহঃ)-কে জিজ্ঞাসা করলাম, তিনবার ধোয়ার নির্দেশ দিয়ে তিনি কি উত্তমরূপে পরিষ্কার করা বুঝিয়েছেন? তিনি বললেন, হ্যাঁ, তাই।

## **English**

Narrated Safwan bin Ya'la:

Ya'la said to 'Umar, "Show me the Prophet ()) when he is being inspired Divinely." While the Prophet () was at Ji'rana (in the company of some of his Companions) a person came and asked, "O Allah's Messenger! What is your verdict regarding that person who assumes Ihram for 'Umra and is scented with perfume?" The Prophet () kept quiet for a while and he was Divinely inspired (then). 'Umar beckoned Ya'la. So he came, and the Allah's Messenger () was shaded with sheet. Ya'la put his head in and saw that the face of Allah's Messenger was red and he was snoring. When the state of the Prophet () was over, he () asked, "Where is the person who asked about 'Umra?" Then that person was brought and the Prophet () said, "Wash the perfume off your body thrice and take off the cloak and do the same in 'Umra as you do in Hajj."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ সাফ্ওয়ান ইবনু ই'য়ালা (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন